

মামলায় আটকে আছে ৩১ হাজার কোটি টাকা

এম এ রহমান :রাইজিংবিডি ডট কম

Published:16 Nov 2015 08:29:14 PM Monday || Updated:17 Nov 2015
07:59:00 AM Tuesday



অর্থনৈতিক প্রতিবেদক: সুপ্রিম কোর্টের দুই বিভাগে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) শুল্ক, আয়কর ও মূসক সংক্রান্ত ২৪ হাজার ৫৭টি মামলা বিচারাধীন রয়েছে। যেখানে সরকারের প্রায় ৩১ হাজার কোটি টাকার রাজস্ব আটকে রয়েছে।

দীর্ঘ দিন ধরে আটকে থাকা ওইসব মামলা দ্রুত নিষ্পত্তিতে অনেকদিন ধরেই তৎপরতা চালাচ্ছে এনবিআর। এর অংশ হিসেবে প্রতিষ্ঠানটি বিকল্প বিরোধ নিষ্পত্তির (এডিআর) ওপর জোর দিচ্ছে।

এরই ধারাবাহিকতায় ১৭ নভেম্বর (মঙ্গলবার) ‘রাজস্ব মামলার ব্যবস্থাপনা ও বিকল্প বিরোধ নিষ্পত্তির কার্যকারিতা’ শীর্ষক এক সেমিনারের আয়োজন করেছে এনবিআর। যেখানে মামলাগুলো দ্রুত নিষ্পত্তিতে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাকে প্রধান অতিথি হিসেবে রাখা হয়েছে।

মামলা দ্রুত নিষ্পত্তিতে প্রধান বিচারপতির কাছে সরাসরি সহযোগিতা চাইতেই প্রতিষ্ঠানটি এরূপ উদ্যোগ নিয়েছে। এনবিআরের একটি সূত্র রাইজিংবিডিকে বিষয়টি জানিয়েছে।

এনবিআর চেয়ারম্যান মোঃ নজিবুর রহমানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, প্রাক্তন আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ, অ্যাটর্নী জেনারেল মাহবুবে আলম ও এফবিসিসিআই সভাপতি আব্দুল মাতলুব আহমাদের উপস্থিত থাকার কথা রয়েছে।

এনবিআর সূত্রে জানা যায়, দেশের মোট রাজস্ব আয়ের ৮৪ শতাংশ এনবিআর আদায় করে। চলতি অর্থবছরে সরকারের মোট রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ২ লাখ ৮ হাজার ৪৪৩ কোটি টাকা। এর মধ্যে এনবিআরকে আদায় করতে হবে ১ লাখ ৭৬ হাজার ৩৭০ কোটি টাকা।

সূত্র আরো জানায়, সুপ্রিম কোর্টের দুই বিভাগে বর্তমানে রাজস্ব সংক্রান্ত ২৪ হাজার ৫৭২টি মামলা বিচারাধীন রয়েছে। এর বিপরীতে সরকারের প্রায় ৩১ হাজার কোটি টাকা রাজস্ব আটকে আছে। যা চলতি বছরের মোট রাজস্ব আদায় লক্ষ্যমাত্রার ১৭ দশমিক ৫৫ শতাংশের সমান।

তথ্যানুযায়ী, কাস্টমসে শুল্ক সংক্রান্ত মামলা বিচারাধীন রয়েছে ১৭ হাজার ৪৭০টি। এসব মামলার বিপরীতে সরকারের ৪ হাজার ৮২৫ কোটি টাকা শুল্ক কর আটকে আছে। চলতি অর্থবছর এ খাত থেকে সরকার ৪৬ হাজার ৫৩৬ কোটি রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এই হিসাবে মামলা জটে এ খাতের মোট লক্ষ্যমাত্রার ১০ দশমিক ৩৭ শতাংশ রাজস্ব আটকে আছে।

এছাড়া আয়কর খাতে ৩ হাজার ৮৭৬টি রিট মামলা রিটারাধীন আছে। মামলাগুলোর বিপরীতে সরকারের ৮ হাজার ১৮২ কোটি ৭০ লাখ টাকা আয়কর অনাদায়ী আছে। এখাতে এনবিআরকে চলতি অর্থবছর ৬৫ হাজার ৯৩২ কোটি টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে। এই হিসাবে আয়কর খাতে চলতি অর্থবছরের মোট রাজস্ব লক্ষ্যমাত্রার ১২ দশমিক ৪১ শতাংশ মামলা জটে আটকে আছে।

মূসক খাতে বিচারাধীন মামলা রয়েছে ৩ হাজার ২২৬টি। এই মামলার বিপরীতে সরকারের ১৭ হাজার ৯৩৮ কোটি ৪৯ লাখ টাকা মূসক অনাদায়ী আছে। খাতটিতে চলতি বছর ৬৩ হাজার ৯০২ কোটি শুল্ক কর আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এই হিসাবে মূসক খাতের মোট লক্ষ্যমাত্রার ২৮ দশমিক ০৭ শতাংশ রাজস্ব আটকে আছে মামলা জটে।

এ বিষয়ে এনবিআরের উর্ধ্বতন কর্মকর্তা রাইজিংবিডিকে বলেন, মামলার প্রবণতা হ্রাস, মামলা জট হ্রাস ও বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তি করতে গত আট মাসে নানা কর্মসূচী হাতে নিয়েছে এনবিআর। এনবিআরের অধীন সব কমিশনার দপ্তরে শুধুমাত্র মামলা তত্ত্বাবধায়নের জন্য বিশেষ ফোকাল পয়েন্ট নিয়োগ, ইনহাউজ সংলাপ, ব্যবসায়ীদের সঙ্গে সংলাপম এবং অ্যাটর্নি জেনারেলের সঙ্গে দুই দফা বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট বিচারপতিদের সঙ্গেও বৈঠক করেছে এনবিআর। তারপরও মামলা জট কাটছে না। এ কারণেই এ ধরনের সেমিনার আয়োজন করেছে প্রতিষ্ঠানটি।